

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াজেদুল হোসেন মাসিক মিয়া

পরিচ্ছন্ন ক্যাম্পাস চাই



০৭ নভেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

তানিয়া আনজু

দিনে দিনে রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস যেন ময়লা-আবর্জনার ভাগাড়ে পরিণত হচ্ছে। মেইন গেটের আশপাশ এলাকা থেকে শুরু করে কলাভবনের আশপাশ, শহীদ মিনার, কাজলা গেইটের পার্শ্ববর্তী এলাকা (জুবেরী মাঠ, বিশ্ববিদ্যালয় স্কুলের সামনের অংশ, প্যারিস রোডের দু'পাশ, ইবলিস চত্বর, শিক্ষার্থীদের আবাসিক এলাকা, স্টেডিয়ামের পার্শ্ববর্তী এলাকা ও বধ্যভূমিসহ সবখানে ছোট দোকানপাটের আবর্জনা, পলিথিনে পরিপূর্ণ হয়ে গিয়েছে। এতে রাবির অপরূপ পরিবেশের ওপর যেমন প্রভাব পড়ছে, ঠিক তেমনি জীব ও পরিবেশের মারাত্মক ক্ষতি সাধিত হচ্ছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের আবাসিক হলগুলোর পরিষ্কার-পরিচ্ছন্নতার অবস্থা আরো নাজুক। পরিষ্কারের জন্য জনবল নিযুক্ত থাকলেও যথাযথ তদারকির অভাবে তারা দায়িত্বে অবহেলা করছে বিভিন্নভাবে। ময়লা হলের বাইরে নির্দিষ্ট স্থানে না ফেলে হলের ছোট ছোট ড্রেনে ফেলা হচ্ছে। সেই ড্রেনের আবর্জনা, জীবের জন্য মারাত্মক ক্ষতিকর পলিথিন, বিভিন্ন পদার্থ সরাসরি মূল ড্রেনে মিলিত হচ্ছে। কোনো কোনো হলের অভ্যন্তরেই আবর্জনা জমা করে পুড়িয়ে দেওয়া হচ্ছে। তবে কোনো কোনো হলে দেখা যায় বিপরীত চিত্রও।

উচ্চশিক্ষার এই অঙ্গনে ছাত্রছাত্রীদের যথাযথ সচেতনতার অভাব, ডাস্টবিন ব্যবহারে অনীহা, দায়িত্বশীলদের দায়িত্বে অবহেলা এবং প্রশাসনের অবহেলার কারণে প্রাচ্যের ক্যামব্রিজ দিনে দিনে তার বৈশিষ্ট্য হারাচ্ছে। ছাত্রছাত্রীদের নিজেদের সচেতনতা, সবার মাঝে সচেতনতা সৃষ্টি, প্রশাসনের কড়া নজরদারি এবং দায়িত্বশীলদের সঠিকভাবে দায়িত্ব পালনই পারে এই অস্বাস্থ্যকর, বিরূপ অবস্থা থেকে মুক্তি দিতে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত